17

তারিখ 11 JUL 1996
পৃষ্ঠা ৯ কলাম ২

আজকের কাগজ

# ঢাকা মেডিক্যাল কলেজের সুবর্ণজয়ন্তি উৎসবে ছাত্র সংঘর্ষ ॥ আহত ৩৫

## ■ শিক্ষক লাঞ্ছিত ■ কলেজ বন্ধ ঘোষণা

কাগজ প্রতিবেদক ঃ সুবর্ণ জয়ন্তী উদযাপন অনুষ্ঠানের প্রথমদিনে গতকাল ঢাকা মেডিক্যাল কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগ ও ছাত্রদলের কর্মিদের মধ্যে এক সংঘর্ষে উভয়পক্ষের কমপক্ষে ৩৫ জন ছাত্র আহত হয়েছে। এ সময় সংঘর্ষকারিদের হাতে মেডিক্যাল কলেজের অধ্যাক্ষের কক্ষসহ বেশ কয়েকটি কক্ষ ভাংচুর ও কয়েকজন শিক্ষক লাঞ্ছিত হয়েছেন। ঢাকা মেডিক্যাল কলেজের সূত্রগুলো জানায়, গতকাল ছিলো কলেজের ২ দিনব্যাপী সুবর্ণ জয়ন্তী উদযাপন অনুষ্ঠানমালার প্রথম দিন। এদিন কলেজ ক্যান্টিনে মধ্যাহ্নভোজের সময় ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষের সূত্রপাত হয়। এ সময় দু'দলের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া হয়। দু'দল সংঘর্ষে কোক-পেপসি'র বোতল ও ককটেলের বিস্ফোরণ ঘটায়। ছাত্ররা কলেজের অধ্যাক্ষের অফিস কক্ষসহ বেশ কয়েকটি কক্ষ ভাঙচুর করে। সংঘর্ষে ইট পাটকেল ও লাঠির আঘাতে মেডিক্যাল কলেজ শাখা ছাত্রদল নেতা তৌহিদুল ইসলাম জনসহ উভয়দলের ৩৫ জন ছাত্র আহত হয়। আহতদের কয়েকজন হচ্ছে-সিদ্দিকুর রহমান ফটিক (২৩), ইমরুল হাসান (২২), জাভেদ (২০), রনি (২৪), সামস (২১), শাহেদ (২১), আশরাফুল আলম নীপু (২২) ও রাশেদ রেজা (২১)। অন্যাদেরকে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ৪ রাউন্ড টিয়ার গ্যাসের শেল নিক্ষেপ করে। পরিস্থিতি শান্ত হওয়ার ৩০ মিনিট পর আবাসিক হলে দ্বিতীয় দফায় সংঘর্ষের সূত্রপাত হয়। এ সময় বিবদমান দলের কর্মিরা ওই হলের ২০টি কক্ষ ভাঙচুর করে। এ সময় ৫টি কক্ষে আগুন ধরিয়ে দেয়া হয় এবং দুটি কক্ষ সম্পূর্ণ ভস্মীভূত হয়। কলেজ কর্তৃপক্ষ গতকাল এক জরুরি সভায় অনির্দিষ্টকালের জন্যে কলেজ বন্ধ করার সিদ্ধান্ত নেয় এবং সন্ধ্যে ৬ টার মধ্যেই ছাত্রদের হল ত্যাগের নির্দেশ দেয়। শেষ খবরে জানা গেছে, ছাত্ররা হল ত্যাগ করেছে। সেখানে পুলিশি অবস্থানে থমথমে অবস্থা বিরাজ করছে। উল্লেখ্য, সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষে গত ১ মাস ধরে আয়োজন চলছে। ১ সপ্তাহ ধরে চলছিলো উৎসব। ছাত্রছাত্রী, ডাক্তার, নার্স, শিক্ষক-শিক্ষিকা সকলের স্বঃস্ফূর্ত পদচারণায় কলেজ ক্যাম্পাস মুখরিত হয়ে উঠেছিলো কয়েক দিন আগে থেকেই। দু'দল ছাত্রের সংঘর্ষ সকল আনন্দকে নিরানন্দ করে দেয়। ভেস্তে যায় ঢাকা মেডিক্যাল কলেজের ৫০ বছর পূর্তি উৎসব।

এদিকে বাংলাদেশ ছাত্রলীগ উদ্ভূত পরিস্থিতি ব্যাখ্যা করে একটি সংবাদ সম্মেলনের আয়োজন করে। সংবাদ সম্মেলনে ছাত্রলীগের লিখিত বক্তব্য পাঠ করেন মশিকুর রহমান বিটু। লিখিত বক্তব্যে বলা হয়, সুবর্ণ জয়ন্তী উৎসব ও ছাত্র সংসদ নির্বাচন পণ্ড করার উদ্দেশে ছাত্রদল ছাত্রলীগ কর্মিদের ওপর হামলা চালিয়েছে। সংবাদ সম্মেলনে বলা হয়, ছাত্রদলের অন্তর্দ্বন্দ্বের কারণে তাদের গত সংসদের আপ্যায়ন সম্পাদক ছাত্রলীগে যোগদান করে। এ পরিস্থিতিতে তারা নির্বাচন ও সুবর্ণ জয়ন্তী উৎসব পণ্ড করার পাঁয়তারা করে। তাই তারা গতকাল এই অতর্কিত হামলা চালায়। এতে ছাত্রলীগ সাধারণ সম্পাদক মারাত্মকভাবে আহত হয়। এ ছাড়াও আরো কয়েকজন কর্মি আহত হয়ে হাসপাতালে ভর্তি আছে। সংবাদ সম্মেলনে অবিলম্বে কলেজে সুষ্ঠু পরিবেশ ফিরিয়া আনা ও বহিরাগত সন্ত্রাসিদের গ্রেফতার ও বিচার দাবি করা হয়।